ভোরের কাগজ

140

তারিখ ··· NOV. 2 1·1999 ···
পৃষ্ঠা ··· 8 ··· কলাম ··· 7 ···

# শতাব্দীর শেষ কবে

কবে বিংশ শতাব্দীর শেষ আর কবে একবিংশ শতাব্দীর শুরু এ নিয়ে কারো কারো মধ্যে ভুল ধারণা লক্ষ্য করা যায়। পত্র-পত্রিকায় তার প্রতিফলন দেখি। ভোরের কাগজ-এর প্রথম পৃষ্ঠার প্রথম কলামে গত ১০/১০/৯৯ তারিখে একটি খবর ছাপা হয়েছে। 'শতাব্দীর শেষ অধিবেশন শেষ হলো কাল'— শিরোনামে যা বলা হয়েছে তার মানে দাঁড়ায় এই যে, ৩১/১২/৯৯ তারিখে বর্তমান বিংশ শতাব্দী শেষ হয়ে যাচ্ছে আর ১৯৯৯ খ্রিস্টাব্দে সংসদ অধিবেশন শুরুর সম্ভাবনা না থাকায় প্রতিবেদক ধরে নিয়েছেন যে, ২০০০ খ্রিস্টাব্দে যে সংসদ অধিবেশন হবে তা হবে একবিংশ শতাব্দীর অধিবেশন। কিন্তু প্রকৃত তথ্য তা নয়। বর্তমান বিংশ শতাব্দী শেষ হবে ৩১/১২/২০০০ তারিখে এবং ১/১/২০০১ তারিখে একবিংশ শতাব্দী শুরু হবে। শতাব্দী গণনা পদ্ধতি যারা জানেন না তারাই এ ভুলটি করবেন। যেকোনো শতাব্দী শুরু হবে ১ দিয়ে এবং শেষ হবে শেষে দুটি শূন্য (০০) দিয়ে। এখানে শতাব্দী গণনা পদ্ধতি তুলে ধরা হলো—

| হতে-পর্যন্ত | মোটবছর | শতাব্দীর নাম | হতে-পর্যন্ত | মোট বছর | শতাব্দীর নাম |
|---|---|---|---|---|---|
| ১-১০০ | ১০০ | প্রথম শতাব্দী | ১১০১-১২০০ | ১০০ | দ্বাদশ শতাব্দী |
| ১০১-২০০ | ১০০ | দ্বিতীয় " | ১২০১-১৩০০ | ১০০ | ত্রয়োদশ " |
| ২০১-৩০০ | ১০০ | তৃতীয় " | ১৩০১-১৪০০ | ১০০ | চতুর্দশ " |
| ৩০১-৪০০ | ১০০ | চতুর্থ " | ১৪০১-১৫০০ | ১০০ | পঞ্চদশ " |
| ৪০১-৫০০ | ১০০ | পঞ্চম " | ১৫০১-১৬০০ | ১০০ | ষোড়শ " |
| ৫০১-৬০০ | ১০০ | ষষ্ঠ " | ১৬০১-১৭০০ | ১০০ | সপ্তদশ " |
| ৬০১-৭০০ | ১০০ | সপ্তম " | ১৭০১-১৮০০ | ১০০ | অষ্টাদশ " |
| ৭০১-৮০০ | ১০০ | অষ্টম " | ১৮০১-১৯০০ | ১০০ | ঊনবিংশ " |
| ৮০১-৯০০ | ১০০ | নবম " | ১৯০১-২০০০ | ১০০ | বিংশ " |
| ৯০১-১০০০ | ১০০ | দশম " | ২০০১-২১০০ | ১০০ | একবিংশ " |
| ১০০১-১১০০ | ১০০ | একাদশ | | | |

আশা করি এতে শতাব্দী বিতর্কের অবসান হবে।

আবদুস সাত্তার মিয়া
প্রভাষক, বাংলা বিভাগ
বেড়া ডিগ্রি কলেজ
বেড়া, পাবনা